

বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন
তেজগাঁও, ঢাকা-১২০৮।

বিজ্ঞপ্তি নং : এফডিসি/প্রঃ-১-৬২০(অংশ-২)/২০০৫/ ১৫৫৫(৩)

তারিখ : ০৪ আগস্ট, ২০১৬ খ্রিস্টাব্দ
২০ শ্রাবণ, ১৪২৩ বঙ্গাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

তথ্য মন্ত্রণালয়ধীন বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশনের নিম্নবর্ণিত পদে নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত/আবেদন আহ্বান করা যাচ্ছে :


ক্রমিক নং	পদের নাম	পদ সংখ্যা	বেতন স্কেল	বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১।	সহকারি পরিচালক (প্রশাসন)	১(এক)	২২০০০- ৫৩০৬০/-	সর্বোচ্চ ৩০বৎসর	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী।
০২।	হিসাবরক্ষণ কর্মকর্তা	১(এক)	২২০০০- ৫৩০৬০/-	সর্বোচ্চ ৩০বৎসর	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে হিসাব বিজ্ঞান বা বাণিজ্য বিভাগের যে কোন বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী।

২। আবেদন পত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, জন্ম তারিখ, বয়স, স্থায়ী ও বর্তমান ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা, ধর্ম উল্লেখপূর্বক সদ্য তোলা ৩(তিন) কপি পাসপোর্ট আকারের সত্যায়িত ছবিসহ নিম্নস্বাক্ষরকারীর নিকট আবেদনপত্র পৌঁছাতে হবে। আবেদন ফরমের নমুনা বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন, ঢাকা এর ওয়েবসাইট (www.fdc.gov.bd) অথবা সহকারি পরিচালক (প্রশাসন) এর নিকট থেকে সংগ্রহ করা যাবে।

৩। শর্তাবলী :

- প্রার্থীর বয়স ৩১ আগস্ট, ২০১৬ খ্রিঃ তারিখে নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত বয়সসীমার (সর্বোচ্চ ৩০ বৎসর) মধ্যে হতে হবে।
- প্রার্থীকে বাংলাদেশের নাগরিক হতে হবে। জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি (গেজেটেড অফিসার/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর সভা/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক) অবশ্যই দাখিল করতে হবে।
- মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে ৩১ আগস্ট, ২০১৬ খ্রিঃ তারিখে বয়স সর্বোচ্চ ৩২(বত্রিশ) বৎসর হতে হবে।
- দরখাস্তের সঙ্গে বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন, ঢাকা এর অনুকূলে যে কোন তফসিল ব্যাংক হতে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) সংযুক্ত করে, দাখিল করতে হবে।
- ক্রটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।
- পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- যে কোন ধরনের তদবির বা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।
- আবেদন পত্র গ্রহণ, বাছাই, বাতিল এবং অনিবার্য কারণবশতঃ নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার পূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- নিয়োগের ক্ষেত্রে সরকারি সকল নীতিমালা অনুসরণ করা হবে।

৪। দরখাস্ত আগামী ৩১ আগস্ট, ২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে ডাকযোগে অথবা সরাসরি অফিস সময়ের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে পৌঁছাতে হবে। নির্ধারিত তারিখের পর কোন দরখাস্ত গ্রহণ করা হবে না।


(লক্ষণ চন্দ্র দেবনাথ)
যুগ্ম-সচিব

ও
পরিচালক (প্রশাসন ও অর্থ)
বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন
তেজগাঁও, ঢাকা-১২০৮।